



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৪.১৯.২০৯

তারিখ: ১০ চৈত্র ১৪২৮

২৪ মার্চ ২০২২

বিষয়: কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন শাপলাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদানের বিষয়ে আইনগত মতামত প্রদান।

সূত্র: সভাপতি, শাপলাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, মহেশখালী, কক্সবাজার এর ০৮/০৩/২০২২খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন শাপলাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা'র অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব আমিল উল্লাহ কুতুবী গত ২৮/০২/২০২২খ্রি. তারিখে অবসরে যান। অতঃপর উক্ত প্রতিষ্ঠান পরিচালনার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান সংক্রান্ত বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য টিএমইডি'র আইনগত মতামত কামনা করে প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক সূত্রোক্ত আবেদন দাখিল করা হয়। আবেদনের সাথে সংযুক্ত উক্ত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ শিক্ষকগণের বিবরণ নিম্নরূপ-

ক্র: নং	নাম ও পদবী	শিক্ষাগত যোগ্যতা	যোগদানের তারিখ	এমপিওভুক্তির তারিখ	জন্ম তারিখ	বর্তমান বেতন গ্রেড
১	জনাব মো: আবু সুফিয়ান সিনি: সহকারী শিক্ষক	দাখিল-২য় আলিম-২য় বি.এ-২য় বি.এড-২য় কামিল-২য়	১৬/১০/১৯৯৯	০১/০৫/২০০০	০১/০১/১৯৭৯	৯ম
২	জনাব শাহ জামাল ফারুকী সিনি: সহকারী শিক্ষক (কৃষি)	এসএসসি-১ম এইচএসসি-১ম বিএসসি-২য় বিএড-২য়	০১/১২/২০০২	০১/১২/২০০২	১৭/০৩/১৯৮১	৯ম
৩	জনাব মো: সরওয়ার কামাল সিনি: সহকারী শিক্ষক	এসএসসি-১ম এইচএসসি-১ম বিএসসি-২য় বিএড-২য়	০১/১২/২০১৪	০১/০১/২০১৫	১৫/১১/১৯৭৯	৯ম

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.৪ অনুচ্ছেদে “প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন” মর্মে নির্দেশনা রয়েছে। অর্থাৎ কোন জুনিয়র শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বপালন করতে পারবেন।

৩। উক্ত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা'র ১৩ নং অনুচ্ছেদে জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ নিম্নরূপভাবে বিবেচনা করা হয়েছে-

“শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্ম তারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশী তিনি জ্যেষ্ঠ হবেন” মর্মে উল্লেখ রয়েছে।

৪। আবেদনের সাথে সংযুক্ত তথ্য তালিকায় বর্ণিতমতে ৯ম গ্রেডের ০৩ (তিন) জন শিক্ষকের মধ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৩ ও ১৭.৪ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী জনাব মো: আবু সুফিয়ান, সিনি: সহকারী শিক্ষক জ্যেষ্ঠ।

৫। এমতাবস্থায়, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন শাপলাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৩ ও ১৭.৪ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৩-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব

সভাপতি, শাপলাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-শাপলাপুর,
উপজেলা-মহেশখালী, জেলা-কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৪.১৯.২০৯/১(৫)

তারিখ: ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব (অডিট ও আইন) এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



২৪-৩-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব